# ক্যামব্রিজ IELTS 12

## (Academic) Passage-এর বাংলা ব্যাখ্যাসহ Exam Approach-এ সমাধান

Recent Bazar

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ◘ **2025**

**Published By** ◘ **S@ifur's Publication**

**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ pdf করে বিক্রি করা বা free / সরবরাহ করা আইনত: দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল:**
www.youtube.com/saifursofficial

**English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে visit করুন:**
www.saifursbooks.com

**কুরিয়ারে S@ifur's-এর যেকোন বই পেতে**
01713 43 20 15; 01613 43 20 16

**Compose & Design:**
Md. Al-Mamun Ferdous

**Price: Tk. 200 (Fixed); US $ 8 only**



Recent Bazar

## Contents

### Test-5


**Passage # 01 :** Cork ........................................................................ 02

* IELTS-এ রিডিং passage কখনোই রিপিট হবে না, ....................... 11

**Passage # 02 :** COLLECTING AS A HOBBY ............................................ 12

* তোমার বিবেক কী বলে ............................................................ 22

**Passage # 03 :** What's the purpose of gaining knowledge?.................... 23


### Test-6


**Passage # 01 :** The risks agriculture faces in developing countries ............. 37

**Passage # 02 :** The Lost City ..................................................................... 48

* খালি টেকনিক শিখতে চাচ্ছো ? .................................................... 60

**Passage # 03 :** The Benefits of Being Bilingual ......................................... 63

* ভাষা উদ্ভবের রহস্য ! ............................................................ 79

* ভাষার উৎপত্তি নিয়ে একটা অসাধারণ লেখা .................................. 80


### Test-7


**Passage # 01 :** Flying tortoises ............................................................. 81

* আরেকটা ভুল .................................................................... 94

**Passage # 02 :** The Intersection of Health Sciences and Geography ............ 95

**Passage # 03 :** Music and the emotions ............................................ 105

* IELTS রিডিং-এ ভালো করার জন্য ....................................... 118


### Test-8


**Passage # 01 :** The History of Glass .................................................... 119

**Passage # 02 :** Bring back the big cats ................................................ 126

* OC / DC সব্বাই কম-বেশি করে ............................................ 137

**Passage # 03 :** UK companies need more effective boards of directors ....... 138


Recent Bazar

## এই বই থেকে

## তুমি সবচেয়ে বেশি **benefitted** হবে,

যদি তুমি নিচের ৩-টি কাজ করো:

১। Test-এর ব্যাখ্যা পড়ার আগে actual পরীক্ষার মতো ঘড়িতে সময় ধরে Reading Module-টি solve করে Answer-গুলো লিখো।

২। এর পরে **Cambridge-12**-এর শেষে দেয়া answer-গুলো মিলিয়ে নিজেকে marking করো।

৩। এর পর পরের পৃষ্ঠা থেকে লেখা ব্যাখ্যাগুলো পড়া শুরু করো।

এভাবে প্রতিটি Test-এ একই কাজ repeat করো।

প্রথমে নিজে solve না করে

আগেই উত্তর দেখে ফেললে যেমন বেশি লাভ হয় না,

তেমনি এই ব্যাখ্যাটা আগেই পড়ে ফেললে

**তোমার দুর্বলতাগুলো তুমি ধরতে পারবে না।**

**ফলে ঐ ধরনের ভুলগুলো তুমি real exam-এ আবার করবে।**

তাই আগে test-টা **টেস্টের মতো করে দাও,**

তারপর নিজেকে ***marking*** করো, পরে ব্যাখ্যা পড়ো।

আল্লাহ হাফেজ

Saifur Rahman Khan

Recent Bazar

# Test-5

# Passage # 01

**Step - 01**

প্যাসেজের নামটা পড়লাম: **Cork**
**এই শব্দটা অনেকের জন্য নতুন।**

**তাই, to get a clear idea about 'Cork'**
**আমরা Passage**-এর প্রথম ৫/৬ লাইন মন দিয়ে পড়বো।

Cork (কর্‌ক্‌) হলো ওক (oak) জাতীয় একটি বৃক্ষের নাম, যেটার ছাল বোতলের ছিপি তৈরিতে ব্যবহৃত হয়।

**Step - 02**

এবার সরাসরি প্রশ্নে যেয়ে **1 – 5**-এ পেলাম:
**TRUE / FALSE / NOT GIVEN**

প্রথম question-টা মন দিয়ে পড়লাম:

**1.** The cork oak has the thickest bark of any living tree.
(= Cork oak-এর আছে সবচেয়ে মোটা বাকল বা ছাল যে কোনো জীবন্ত বৃক্ষের মধ্যে।)

**মজার টেকনিক**

প্রশ্নের বাক্যে **thickest** (সবচেয়ে মোটা) থাকাতে
passage না পড়েই বোঝা যাচ্ছে, উত্তর হবে: **NOT GIVEN** !!!

এটার যুক্তি হলো - একটা **Test**-এর তিনটা **passage**-এর মধ্যে প্রথমটা হলো সবচেয়ে সহজ।
আর এই সহজতম **passage**-এর প্রথম ২/৩-টা প্রশ্নের উত্তরও এমন যে, সহজে বের করা যায়।
**Passage**-এ নিশ্চয়ই **thick** দেয়া আছে।
তাড়াহুড়ো করে সবাই ***thick*** দেখেই **answer** দিয়ে দেয় **True.**

**Step – 03**

এখন, passage থেকে বুঝে উত্তর বের করতে passage-এ ফেরত যেয়ে শুরুতেই পেলাম:

Cork – the thick (থিক্‌ = পুরু) bark of the cork oak tree (*Quercus suber*)
– is a remarkable (রিমার্‌কেইব্‌ল্‌ = remark-যোগ্য = লক্ষ্যণীয়) material.

উপরের লাইনগুলোতে বলা হলো, cork হচ্ছে cork oak গাছের মোটা বাকল বা ছাল (*thick bark*)
কিন্তু প্রশ্নে আছে *thickest* অর্থাৎ সবচেয়ে পুরু, যেটা সম্পর্কে কিছু বলা হয়নি।

তাই, # **1**-এর উত্তর: **NOT GIVEN**।

Recent Bazar

## Step - **04**

পরের প্রশ্নগুলোতে দ্রুত চোখ বুলিয়ে # **3** নং প্রশ্নে
একটা সংখ্যা পেলাম: **25 years**
এটা এখন solve করবো, কারণ সংখ্যা ধরে answer বের করা সহজ।

**Q. # 3**-এর বাক্যটা এবার মন দিয়ে পড়া যাক:

**3.** Individual cork oak trees must be left for 25 years between the first and second harvest. (আলাদা আলাদা cork oak গাছগুলোকে অবশ্যই ফেলে রাখতে হবে ২৫ বৎসরের জন্য প্রথম এবং দ্বিতীয় harvest-এর মধ্যে।) অর্থাৎ, একটি cork oak বৃক্ষের প্রথম ও দ্বিতীয় harvest-এর মধ্যে, তার মানে, প্রথমবার এটার বাকল (cork bark) তোলার পর যখন দ্বিতীয়বার এটার বাকল তোলা হবে, তখন এই দুই harvest (= ফসল তোলা)-র মধ্যে অবশ্যই ২৫ বৎসরের একটা gap বা ব্যবধান থাকতে হবে।

## Step - **05**

প্যাসেজে গিয়ে দ্রুত চোখ বুলিয়ে প্রশ্নের **25 years** খুঁজে পেলাম 4th para-র 7th line-এ।

প্রশ্নের **25 years** প্যাসেজে হুবুহু থাকায় এটা **TRUE / YES** হবে না।

এটাও একটা মজার technique,
কারণ বেশিরভাগ পরীক্ষার্থী মনে মনে ভাববে যে,
যেহেতু সংখ্যাটি অবিকল passage-এ পাওয়া গেলো, তাই এটা নিশ্চয়ই TRUE হবে।


**অথচ এটা তাদের জন্য একটা trap, মানে, ফাঁদ।**

এবার passage-এর বাক্যটা মন দিয়ে পড়া যাক:

From the planting of a cork sapling (স্যাপ্‌লিঙ্ = চারা গাছ) to the first harvest takes 25 years, and a gap of approximately a decade (ডিকেইড্ = দশ বৎসর) must separate harvests from an individual tree.

তার মানে, একটি cork oak গাছের চারা রোপণ থেকে শুরু করে প্রথমবার ফসল পেতে
তথা, সেটার <u>প্রথম harvest</u> হতে ২৫ বৎসর সময় নেয়, এবং
এর পর আরো প্রায় এক দশক (*decade*) অর্থাৎ ১০ বছরের একটি gap অবশ্যই থাকতে হবে
নির্দিষ্ট একটি cork oak বৃক্ষের দুটি harvest-এর মধ্যে।

অর্থাৎ বোঝাই যাচ্ছে, # **3**-এর উত্তর: **FALSE** ।




Recent Bazar

**Step – 06**

এবার **Q. # 2**-এর বাক্যটি মন দিয়ে পড়া যাক:

**2.** Scientists have developed a synthetic cork with the same cellular structure as natural cork. (বিজ্ঞানীরা প্রাকৃতিক cork অর্থাৎ বাকলের মতো একই ধরনের কোষীয় কাঠামোর একটি সিনথেটিক cork বা বাকল তৈরি করেছেন।)

**cellular** (সেলিউলার্) = কোষ সংক্রান্ত।

এই বাক্যের বক্তব্যটা গভীরভাবে চিন্তা করো-
এই বাক্যে বলা ব্যাপারটা কিন্তু বিজ্ঞানীদের পক্ষে অসম্ভব।
কেননা, প্রকৃতিতে খোদার-দেয়া কোনো কিছুই কিন্তু বিজ্ঞানীরা ল্যাবে হুবহু তৈরি করতে পারেও নি, পারবেও না।

তাই এটার উত্তর **TRUE** হবে না।
**FALSE** হবে, না, **NOT GIVEN** হবে,
সেটা বের করার জন্য passage মন দিয়ে পড়তে হবে।

Google-এ complexities of a cell physiology লিখে search দিলেই বুঝবে,
কেন বিজ্ঞানীরা cell তৈরি করতে পারবে না, এবং কেন Darwin-এর theory of evolution
তথা বিবর্তনবাদ ব্যাপারটা অসম্ভব।

**Step - 07**

**Q. # 3**-এর answer পেয়েছিলাম 4th para-র মাঝামাঝিতে;
তার মানে, **2**-এর উত্তর 4th para-র উপরে থাকবে।

এবার passage-এর শুরু থেকে দ্রুত চোখ বুলিয়ে প্রশ্নের *cellular structure* শব্দগুলো খুঁজে বের করি।
2nd para-র মাঝামাঝিতে *cellular structure* পেলাম।

**উল্টো কথা**

বাক্যটি এবার মন দিয়ে পড়া যাক:
Developed as a defence against forest fires, the bark of the cork oak has a particular cellular structure – with about 40 million (= চার কোটি) cells per cubic centimetre – that (= যেটা) technology has never succeeded in replicating.

**শব্দের অর্থ**

**forest fires** = দাবানল। **most probably** = খুব সম্ভবত। **defence** = প্রতিরক্ষা।
**replicate** (রেপ্লি-কেইট্) = কোনো কিছুর অবিকল copy বা নকল তৈরি করা।

অর্থাৎ, খুব সম্ভবত forest fires বা দাবানলের বিরুদ্ধে প্রতিরক্ষা হিসেবে তৈরি হওয়া cork oak গাছের বাকলের একটি বিশেষ কোষীয় কাঠামো বা structure রয়েছে এবং এর প্রতি কিউবিক সেন্টিমিটারে প্রায় ৪০ মিলিয়ন কোষ আছে যেটার মতো কোনো কিছু তৈরি করতে technology অর্থাৎ প্রযুক্তি কখনো সফল হয়নি।

তার মানে, বিজ্ঞানীরা এখন পর্যন্তও প্রাকৃতিক cork-এর অনুরূপ কোনো cork তৈরি করতে পারেন নি।

∴ **2**-এর উত্তর: **FALSE**।

Recent Bazar

**Step - 08**

**Q. # 4** এবার মন দিয়ে পড়া যাক:

**strip** (স্ট্রিপ্) = ছাল তুলে ফেলা / আবরণ খসানো।

**4.** Cork bark should be stripped in dry atmospheric conditions. (Cork গাছের বাকলগুলো খসানো উচিত আবহাওয়া শুষ্ক অবস্থায়।)

**Step - 09**

passage-এ ফেরত যেয়ে **3**-এর উত্তরের জন্য যে পর্যন্ত পড়া হয়েছিলো, সেই জায়গার পরের থেকে 4-এর বক্তব্য খোঁজার জন্য পড়া শুরু করে, ৩ লাইন পরেই পেলাম:

If the bark is stripped on a day when it's too cold – or when the air is damp (ড্যাম্প = ভেজা / সেঁতসেঁতে) – the tree will be damaged. {= যদি গাছের বাকল তোলা হয় এমন দিনে, যখন আবহাওয়া খুব cold কিংবা যখন বাতাস থাকে ভেজা বা সেঁতসেঁতে, তাহলে গাছের ক্ষতি হবে। তার মানে, *cork* বৃক্ষের বাকলগুলো তোলা উচিত *dry* (= শুকনো) আবহাওয়ায়।}

**<u>মজা আর মজা</u>**
**দেখেছো**, এই সব ব্যাখ্যা পড়তে + বুঝতে **গ্রামার** লাগে
**না, না, না !**

অতএব, **4**-এর উত্তর: **TRUE**।

**Step - 10**

**Q. # 5** পড়লাম:

**5.** <u>The only way</u> **<u>to remove the bark</u>** from cork oak trees is by hand. (বাকল সরানোর একমাত্র উপায় হাত দ্বারা বাকল ছাড়ানো।)

**Step - 11**

4-এর উত্তর যেখানে ছিলো, প্যাসেজে ফেরত যেয়ে সেই জায়গার পর থেকে পড়ে পরের প্যারার 2nd, 3rd, ও 4th line-এ পেলাম:

<u>No mechanical means</u> (= উপায় / পদ্ধতি) **<u>of stripping</u>** <u>(= খসানো)</u> **<u>cork</u>** bark has been invented. অর্থাৎ, গাছ থেকে বাকল ছাড়ানোর কোনো mechanical পদ্ধতি এখনও আবিষ্কৃত হয়নি। তার মানে, গাছ থেকে *bark* ছাড়ানোর কাজটি হাত দিয়েই করতে হয়।

তার মানে, **5**-এর উত্তর: **TRUE**।

**<u>No Tension</u>**
***stop-watch*** নিয়ে এই passage-টা **solve** করতে আমার লেগেছিলো মাত্র **৯ মিনিট**। এই ব্যাখ্যা পড়ে বুঝতে **৫৩ মিনিট লাগুক** কোনো অসুবিধা নেই।

Recent Bazar